গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ১১ মে ২০১৫, ২৮ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ছিটমহল উন্নয়নে সহায়তার প্রস্তাব দিয়েছে ইউএনডিপি
: প্রধানমন্ত্রীর সঙ্গে আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ

২। ইপিজেডের সমস্যা সমাধানের নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। সঞ্চয়পত্রের সুদের হার কমলো

৪। জনগণের কাছে স্বাস্থ্য সেবা পৌঁছাতে সবার সহযোগিতা প্রয়োজন : স্বাস্থ্যমন্ত্রী

৫। বর্তমান সরকারের আমলে দেশের প্রতিটি খাতে উন্নয়ন হয়েছে : কৃষিমন্ত্রী

৬। ক্ষতি পুষিয়ে নিতে শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মের ছুটি কমানোর পরামর্শ শিক্ষামন্ত্রীর

৭। থাইল্যান্ড সীমান্তে উদ্ধার হওয়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৮। ইন্দোনেশীয় উপকূলে ৪৬৯ বাংলাদেশি ও রোহিঙ্গা উদ্ধার

৯। মধু রপ্তানির জন্য স্লোভেনিয়ার সাথে সমঝোতা চুক্তি

১০। চাল আমদানিতে ১০ শতাংশ শুল্ক আরোপ

১১। ফেসবুকে অশ্লীল ছবি, কথা প্রোভাইডারের মাধ্যমে বন্ধের নির্দেশ হাইকোর্টের

চলমান পাতা/২

১। ছিটমহল উন্নয়নে সহায়তার প্রস্তাব দিয়েছে ইউএনডিপি

: প্রধানমন্ত্রীর সঙ্গে আবাসিক প্রতিনিধির সাক্ষাৎ

স্থলসীমান্ত চুক্তির আওতায় ভারতের কাছ থেকে পাওয়া ছিটমহলগুলোর উন্নয়নে বাংলাদেশকে সহায়তার প্রস্তাব দিয়েছে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি-ইউএনডিপি। একই সঙ্গে সংস্থাটি ছিটমহলগুলোর অধিবাসীদের দেশের মূল স্রোতধারায় সম্পৃক্ত করতেও কাজ করার আগ্রহ প্রকাশ করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ১০ মে রোববার তাঁর তেজগাঁওয়ের কার্যালয়ে জাতিসংঘের আবাসিক সমন্বয়ক ও ইউএনডিপির আবাসিক প্রতিনিধি রবার্ট ওয়াটকিনস সৌজন্য সাক্ষাতের সময় এ প্রস্তাব দেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.১)। ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। ইপিজেডের সমস্যা সমাধানের নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুটি বেসরকারি রপ্তানি প্রকিয়াকরণ অঞ্চলকে (ইপিজেড) কার্যকর করতে বিদ্যমান সমস্যার সমাধানে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল ১০ মে রোববার তাঁর কার্যালয়ে বাংলাদেশ বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (বিপিইপিজেড) বোর্ড অব গভর্নসের ১৮তম সভায় সভাপতির বক্তব্যে এ নির্দেশনা দেন। বেসরকারি ইপিজেড দুটি হচ্ছে-কোরিয়ান এক্সপোর্ট প্রসেসিং জোন (কেইপিজেড) ও রাঙ্গুনীয়া এক্সপোর্ট প্রসেসিং জোন। সূত্র-সমকাল (পৃ.২,ক.৮), ইত্তেফাক (পৃ.১৯,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৪)।

৩। সঞ্চয়পত্রের সুদের হার কমলো

পাঁচ বছর মেয়াদি সঞ্চয়পত্রের সুদের হার ১৩ দশমিক ১৯ শতাংশ থেকে কমিয়ে ১১ দশমিক ২৬ শতাংশে নামিয়ে আনা হয়েছে। গতকাল ১০ মে রোববার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সুদের হার বেশি হওয়ায় সঞ্চয়পত্রের বিক্রি অস্বাভাবিক হারে বেড়ে গিয়েছিল। গতকাল ১০ মে রোববার এই হার কার্যকর হয়েছে। গতকাল ১০ মে রোববার এনইসি সম্মেলন কক্ষে প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৫), নিউ এজ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬)।

৪। জনগণের কাছে স্বাস্থ্য সেবা পৌঁছাতে সবার সহযোগিতা প্রয়োজন : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন। স্বাস্থ্য সেবায় কোনো রাজনীতি নেই উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশে স্বাস্থ্য সেবা এগিয়ে নিতে হলে সবার উচিত আমাদেরকে সহযোগিতা করা। গতকাল ১০ মে রোববার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ইন্টারন্যাশনাল কনফারেন্স অ্যান্ড লাইভ সার্জারি-২০১৫'র উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সমকাল (পৃ.২,ক.১), জনকণ্ঠ (পৃ.৩,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৫। বর্তমান সরকারের আমলে দেশের প্রতিটি খাতে উন্নয়ন হয়েছে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, বর্তমান সরকার শুধু কৃষিবান্ধব সরকার নয়; তা জনগণবান্ধব সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে দেশ প্রতিটি খাতেই উন্নয়ন করেছে। গতকাল ১০ মে রোববার ফার্মগেটে আ. কা. মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে কৃষিবিষয়ক ম্যাগাজিন কৃষি কথার ৭৫তম বছরে পদার্পণ উপলক্ষে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.১), ইত্তেফাক (পৃ.৩,ক.৪), সমকাল (পৃ.১৯,ক.৮)।

৬। ক্ষতি পুষিয়ে নিতে শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মের ছুটি কমানোর পরামর্শ শিক্ষামন্ত্রীর

তিনমাসের রাজনৈতিক অস্থিরতায় যেসব স্কুল, কলেজ ও মাদ্রাসায় পাঠদান বিঘ্নিত হয়েছে তারা গ্রীষ্মকালীন ছুটি ৭ দিন কম নেবেন। ক্ষতি পুষিয়ে নিতে এই সময়ে তারা অতিরিক্ত ক্লাস নেবেন। তবে যেসব প্রতিষ্ঠান কেবল শুক্র-শনিবার সাপ্তাহিক ছুটির দিনে ক্লাস নিয়ে ক্ষতি পুষিয়ে নিতে পারবেন তারা গ্রীষ্মকালীন ছুটি ভোগ করতে পারবেন। আর স্নাতক-স্নাতকোত্তর পর্যায়ের কলেজগুলো চলবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী। ৫ জানুয়ারি থেকে বিরোধী জোটের টানা ৯২ দিনের হরতাল-অবরোধে শিক্ষার ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে গত ১০ মে রোববার শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত এক বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (পৃ.২,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.৩,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৬)।

৭। থাইল্যান্ড সীমান্তে উদ্ধার হওয়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

থাইল্যান্ড সীমান্তে উদ্ধার হওয়া বাংলাদেশিদের ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। গতকাল ১০ মে রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি একথা জানান। এ সময় তিনি মানবপাচার রোধে করণীয় ঠিক করতে চলতি সপ্তাহে আন্তঃমন্ত্রণালয় বৈঠক বসবে বলেও জানান। সূত্র-সংবাদ

(পৃ.১, ক.৬), যুগান্তর (পৃ.৩,ক.৩)।

৮। ইন্দোনেশীয় উপকূলে ৪৬৯ বাংলাদেশি ও রোহিঙ্গা উদ্ধার

ইন্দোনেশিয়ার উত্তরাঞ্চলীয় আচেহ প্রদেশের সমুদ্র উপকূলে এক নৌযান থেকে ৪৬৯ জন বাংলাদেশি ও রোহিঙ্গাকে উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে, মুক্তিপণ আদায় শেষে থাইল্যান্ডের গভীর জঙ্গলে পাচারকারীদের কবলে থাকা বন্দিশিবির থেকে তাদের ইন্দোনেশিয়া অভিমুখে পাঠিয়ে দেওয়া হয়। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.৪), ডেইলি সান (পৃ.১,ক.৫), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.২)। নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। মধু রপ্তানির জন্য স্লোভেনিয়ার সাথে সমঝোতা চুক্তি

ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত দেশ স্লোভেনিয়ার মডেক্স কোম্পানীর সাথে মধু রপ্তানির বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)। বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মৌচাষ উন্নয়ন প্রকল্পের উদ্যোগে মতিঝিলস্থ বিসিক ভবন চত্বরে গতকাল ১০ মে রোববার থেকে ৫ দিনব্যাপী মধুমেলা শুরু হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে চুক্তিটি স্বাক্ষরিত হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১৩,ক.১)।

১০। চাল আমদানিতে ১০ শতাংশ শুল্ক আরোপ

চাল আমদানিতে শূন্য শুল্ক সুবিধা প্রত্যাহার করে নিয়েছে সরকার। একই সঙ্গে চাল আমদানি নিরুৎসাহিত করতে এ খাদ্যপণ্যটি আমদানির ওপর ১০ শতাংশ হারে শুল্ক বেঁধে দেওয়া হয়েছে। ধার্যকৃত এ শুল্কহার গতকাল ১০ মে রোববার থেকেই কার্যকর হয়েছে। রোববার সংসদীয় স্থায়ী কমিটির সভাপতিদের সঙ্গে এক প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ তথ্য জানান। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.১), সংবাদ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৪)। জনকণ্ঠ, যায়যায়দিন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১১। ফেসবুকে অশ্লীল ছবি, কথা প্রোভাইডারের মাধ্যমে বন্ধের নির্দেশ হাইকোর্টের

মোবাইল ফোন, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে পর্নোগ্রাফি, অশ্লীল ভিডিও, অশ্লীল ছবি, অশ্লীল বক্তব্য সার্ভিস প্রোভাইডারদের মাধ্যমে পাঠানো বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল ১০ মে রোববার হাইকোর্টের পৃথক দুইটি বেঞ্চ এ আদেশ প্রদান করেছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২), ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ : বিশ্ববাজারের সাথে সমন্বয় করে জ্বালানি তেলের দাম নির্ধারণের সুপারিশ;

খ. ইত্তেফাক : চট্টগ্রামে পাহাড় ধসে শতাধিক প্রাণহানির ঘটনা ঘটার পরও ৩০টি পাহাড়ে এখনও ঝুঁকিপূর্ণভাবে কয়েকশত পরিবার বসবাস করার কথা উল্লেখ করে এ ব্যাপারে প্রশাসনকে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : শাহজাদপুরে শান্তি নিকেতনের আদলে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানিয়ে বিশ্ববিদ্যালয়টি বিশ্বব্যাপী বাঙালি সাহিত্য সংস্কৃতির অন্যতম মিলন কেন্দ্র হয়ে উঠবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সমকাল : ফল সংরক্ষণে ফরমালিনের পরিবর্তে মানবদেহের উপযোগী কাইটোসেন ব্যবহারে উৎসাহিত করতে পরমাণু শক্তি কমিশন যে উদ্যোগ নিয়েছে তা যাতে যথাযথভাবে বাস্তবায়ন হয় সে ব্যাপারে সতর্ক থাকার পরামর্শ;

ঙ. যায়যায়দিন : দেশের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে কৃষি ও কৃষকের স্বার্থ রক্ষার বিকল্প নেই উল্লেখ করে কৃষি ও কৃষকের সমস্যাগুলোকে চিহ্নিত করে দ্রুত তা সমাধানে উদ্যোগী হওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার, ডেইলি অবজারভার : পুলিশ কর্তৃক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের নির্যাতিত হওয়ার ঘটনায় দায়ীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে : মালয়েশিয়ায় অবৈধ মানবপাচার বন্ধে সরকারি হস্তক্ষেপে বিদেশে মানব সম্পদ রপ্তানি দ্রুত বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ডেইলি সান : কৃষিপণ্যের লভ্যাংশ নিশ্চিত করতে কৃষকদের মধ্যস্বত্ত্বভোগীদের হাত থেকে রক্ষায় যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঝ. নিউ নেশন : জাতীয় রাজস্ব বোর্ডের পাওনা ছয়শত কোটি টাকা পরিশোধে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অক্ষমতার ব্যাপারে অর্থ মন্ত্রণালয়কে তাদের দুর্নীতি ও ব্যবস্থাপনায় অদক্ষতার ব্যাপারে তদন্তের সুপারিশ;

ঞ. নিউ এজ : ঢাকায় মেট্রোরেল প্রকল্প বাস্তবায়নে ৭৫টি স্মৃতিস্তম্ভ ও ঐতিহ্যপূর্ণ স্থাপনা ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কায় এসব স্থাপনা সুরক্ষায় রেল কর্তৃপক্ষকে সুচিন্তিত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয়

প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে দেশে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকলে অতিসত্বর বাংলাদেশ কাঙ্ক্ষিত মধ্যম আয়ের দেশের সারিতে স্থান করে নেবে এই আশাবাদ প্রকাশ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'সুশাসনের জন্য জবাবদিহিতা দরকার' শিরোনামের নিবন্ধে সালেহউদ্দিন আহমেদ ব্যাংকিং খাতে বিরাজমান সংকট নিরসনে সুশাসন ও জবাবদিহিতার খুবই প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা